**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ০৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

# প্রশাসনিক পরিপত্র নং- ১৪/২০২৪

আইসিবি পরিচালনা বোর্ডের ৬৪০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী আইসিবি'র পরিচালক নিযুক্ত কোম্পানিসমূহে (ইইএফ ব্যতীত) কর্পোরেশনের স্বার্থ সংরক্ষণ ও জবাবদিহিতা পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১. | আইসিবি পরিচালনা বোর্ডে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক মনোনীত পরিচালক | সভাপতি |
| ০২. | মিসেস আয়শা সুলতানা, উপ-মহাব্যবস্থাপক, ডিপোজিটরি ডিভিশন | সদস্য |
| ০৩. | জনাব মোঃ ইসমাইল হোসেন, সহকারী মহাব্যবস্থাপক, রিকভারি ডিপার্টমেন্ট ও ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্ট (যৌথ দায়িত্ব) | সদস্য-সচিব |
| ০৪. | জনাব আহসান উদ্দীন, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, চেয়ারম্যান-এর সচিবালয় | সদস্য |
| ০৫. | জনাব মোঃ রবিউল শেখ, প্রিন্সিপাল অফিসার, শেয়ারস্ ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৬. | জনাব মোঃ আতিকুর রহমান, প্রিন্সিপাল অফিসার, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | সদস্য |

**কমিটির কার্যপরিধি:**

(ক) কোম্পানিসমূহে বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ;
(খ) কোম্পানিসমূহের বাৎসরিক রিটার্ন পর্যালোচনা;
(গ) কোম্পানিসমূহ হতে মনোনীত পরিচালক প্রত্যাহারের বিষয়ে মতামত প্রদান;
(ঘ) পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ক্রয়/বিক্রয়ে অনুসৃত কর্মপদ্ধতি নির্ধারণ;
(ঙ) মনোনীত পরিচালকদের দায়িত্ব ও কর্মপদ্ধতি নির্ধারণ;
(চ) মনোনীত পরিচালক নিযুক্ত অলাভজনক কোম্পানি হতে আইসিবি'র বিনিয়োগ প্রত্যাহারের কর্মপরিকল্পনা প্রণয়ন;
(ছ) আইসিবির পোর্টফোলিওসমূহকে আরও দক্ষতার সাথে পরিচালনা ও তারল্য পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সুপারিশ প্রদান;
(জ) আইসিবি'র পরিচালক নিযুক্ত তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহে (ইইএফ ব্যতীত) কর্পোরেশনের স্বার্থ সংরক্ষণ, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও তারল্য পরিস্থিতি উন্নয়ন পর্যালোচনা;
(ঝ) আইসিবি'র বিনিয়োগ সুরক্ষার নিমিত্ত প্রাসঙ্গিক ও যৌক্তিক বিবেচনায় অন্যান্য বিষয়ে প্রস্তাব প্রদান; এবং
(ঞ) এতৎসংক্রান্তে ৩০ কার্যদিবসের মধ্যে পরিচালনা বোর্ড সমীপে প্রতিবেদন উপস্থাপন।

০২। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।

০৩। কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকো-অপ্ট করতে পারবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মোঃ আবুল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।